১৩ সেপ্টেম্বর, ২০২৫

# সাতক্ষীরা সীমান্তে বিএসএফের আটক ১০ বাংলাদেশি বিজিবির কাছে হস্তান্তর



সংগৃহীত ছবি

ভারতের পশ্চিমবঙ্গের হাকিমপুর সীমান্ত থেকে আটক হওয়া ১০ বাংলাদেশিকে পতাকা বৈঠকের মাধ্যমে সাতক্ষীরার তলুইগাছা সীমান্তে বিজিবির কাছে হস্তান্তর করেছে বিএসএফ। আটক ব্যক্তিদের মধ্যে নারী, পুরুষ ও শিশু রয়েছে। যাচাই-বাছাই শেষে তাদের স্বজনদের কাছে ফিরিয়ে দেওয়া হবে।

সাতক্ষীরা সীমান্ত দিয়ে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) আটক ১০ বাংলাদেশিকে বিজিবির কাছে হস্তান্তর করেছে। গতকাল শুক্রবার (১২ সেপ্টেম্বর) রাতে সাতক্ষীরার তলুইগাছা সীমান্তের শূন্যরেখায় পতাকা বৈঠকের মাধ্যমে এই হস্তান্তর সম্পন্ন হয়।

সাতক্ষীরা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শামিমুল হক জানান, ভারতের উত্তর চব্বিশ পরগনা জেলার বশিরহাট মহকুমার হাকিমপুর চেকপোস্ট এলাকা থেকে ওই বাংলাদেশিদের আটক করে বিএসএফ। পরবর্তীতে পতাকা বৈঠকের মাধ্যমে তাদের বিজিবির হাতে তুলে দেওয়া হয়।

বিজিবি সূত্রে জানা গেছে, হস্তান্তরিতদের মধ্যে তিনজন নারী, তিনজন পুরুষ ও চারজন শিশু রয়েছে। পরে শুক্রবার রাত সাড়ে নয়টার দিকে বিজিবি তাদের সাতক্ষীরা সদর থানায় নিয়ে আসে। আটক ব্যক্তিরা রাঙ্গামাটি, চট্টগ্রাম, সাতক্ষীরা, গাজীপুর ও বাগেরহাট জেলার বাসিন্দা। যাচাই-বাছাই শেষে আইনগত প্রক্রিয়া সম্পন্ন করে তাদের নিজ নিজ স্বজনদের কাছে হস্তান্তর করা হবে।